দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 APR 1989
পৃষ্ঠা ৪ কলাম ৫

68

## বাংলা, ইংরেজী দু'ভাষায় সার্টিফিকেট চাই

স্বাধীনতাউত্তরকালে বাংলাদেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বাঙলা ভাষায় এস,এস,সি এবং এইচ, এস,সি পরীক্ষার সার্টিফিকেট প্রদান করে প্রশংসাভাজন হয়েছেন। কিন্তু এখন পর্যন্ত এধারা অব্যাহত থাকার ফলে শিক্ষার্থীরা নতুন করে কিছু কিছু সমস্যার সম্মুখীন হচ্ছেন। দেশে ক্রমবর্ধমান বেকারত্ব তাদেরকে বিদেশমুখী করে তুলছে। বিদেশে যাওয়া বা বিদেশী কোন সংস্থায় চাকরির জন্য অথবা উচ্চ শিক্ষার জন্য বিদেশের কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে প্রয়োজন পড়ে ইংরেজী সার্টিফিকেটের। তখন এই ইংরেজী সার্টিফিকেট তৈরীর জন্য শিক্ষার্থীদের দিনের পর দিন ধরনা দিতে হয় শিক্ষা বোর্ড অফিসে। দু'টি সার্টিফিকেট তৈরীর জন্য আনুষঙ্গিক খরচ সহ প্রায় সাত, আটশ' টাকা খরচা হয়ে যায় ভুক্তভোগী শিক্ষার্থীর। এছাড়া নিয়মকানুনের ঝামেলাতো রয়েছেই।

কিন্তু বোর্ড কর্তৃপক্ষ যদি একটু বুদ্ধি খাটিয়ে সার্টিফিকেটগুলো একই সঙ্গে বাংলা ও ইংরেজী ভাষায় প্রবর্তন করতেন তাহলে অযথা এসব হয়রানি হতে শিক্ষার্থীরা রক্ষা পেতো। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সাময়িক সার্টিফিকেট গুলো কাগজের এক পার্শ্বে বাংলায় অপর পার্শ্বে ইংরেজীতে ছাপানো। ইচ্ছে করলে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কৃষি বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেটের অনুকরণে সার্টিফিকেট প্রদান করতে পারেন।

সুব্রত নন্দী
স্নাতকোত্তর, কৃষিতত্ত্ব
(কৃষি অনুষদ)
৪১২, সোহরাওয়ার্দী হল
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,
ময়মনসিংহ।